# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

রেজিস্ট্রার দপ্তর
https://hau.ac.bd
registraroffice@hau.ac.bd
+8802996605101

স্মারক নং: হকৃবি/রেজি.কার্যা.(অংশ-১)/মনোগ্রাম-২৪/২০২১/৫০৮৫ তারিখঃ ২৮ কার্তিক ১৪৩২ / ১৩ নভেম্বর ২০২৫

## বিজ্ঞপ্তি

কৃষি বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে প্রাগ্রসর বিশ্বের সঙ্গে সংগতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে কৃষি বিজ্ঞানে উন্নত শিক্ষাদানের পাশাপাশি বিজ্ঞান, প্রযুক্তি ও প্রচলিত অন্যান্য বিষয়ে উচ্চতর শিক্ষা ও গবেষণার সুযোগ সৃষ্টি এবং নতুন প্রযুক্তি উদ্ভাবনসহ দেশে কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার সম্প্রসারণের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (এস.আর.ও. নং ৩০১-আইন/২০২০) থেকে বাংলাদেশের হাওর অঞ্চল খ্যাত বৃহত্তর সিলেটের হবিগঞ্জ জেলার সদর উপজেলায় হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রজ্ঞাপন হয়। নতুন প্রতিষ্ঠিত হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে উপযুক্ত মনোগ্রাম (Logo) না পাওয়ায় পুনরায় একটি যুগোপযোগী মনোগ্রাম (Logo) ডিজাইন আহবান করা যাচ্ছে।

**শর্তাদি:**

১. মনোগ্রামের (Logo) বিবরণ হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য মনোগ্রাম (Logo)।
২. মনোগ্রামের (Logo) সাইজ উন্মুক্ত।
৩. মনোগ্রামটি (Logo) অবশ্যই বিশ্ববিদ্যালয়ের আদর্শ, লক্ষ্য ও বৈশিষ্ট্য যথাযথভাবে প্রতিফলিত করবে।
৪. মনোগ্রামের (Logo) অর্থ ও তাৎপর্যের বর্ণনার সংযুক্তি থাকতে হবে।
৫. দাখিলকৃত মনোগ্রাম (Logo) পুরোপুরি স্বতন্ত্র হতে হবে যা অন্য কোনো প্রতিষ্ঠানের মনোগ্রাম (Logo) এর সাথে যেন সামঞ্জস্যপূর্ণ না হয়।
৬. মনোগ্রামেটি (Logo) বাহুল্য বর্জিত (সরল ও সহজবোধ্য) ও অর্থবহ হতে হবে।
৭. মনোগ্রাম (Logo) এক বা দুই রং (মনোক্রোম বা ডাইক্রোম) এর মধ্যে সীমাবদ্ধ থাকবে।
৮. মনোগ্রামটি (Logo) অবশ্যই .AI বা .EPS ভেক্টর ফরমেটে দাখিল করতে হবে।
৯. নির্বাচিত মনোগ্রাম (Logo) ডিজাইনের জন্য যথাযথ স্বীকৃতি ও সম্মানী প্রদান করা হবে।
১০. প্রস্তাব দাখিলকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের ইমেইল, নাম ও ফোন নম্বরসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ করতে হবে।
১১. ব্যক্তি বা প্রতিষ্ঠান একটি প্রস্তাবে অনধিক দুইটি মনোগ্রামের ডিজাইন পাঠাতে পারবেন।
১২. এই কার্যক্রমে বাংলাদেশী যে কোন প্রতিষ্ঠান/বাংলাদেশের নাগরিকগণ অংশগ্রহণ করতে পারবেন।
১৩. মনোগ্রামের (Logo) ডিজাইন বাংলা ও ইংরেজি দু'ভাষাতেই হতে হবে।
১৪. মনোগ্রামের (Logo) ডিজাইন জমা দেয়ার শেষ তারিখ ০২ ডিসেম্বর ২০২৫, রাত ১২.০০টা পর্যন্ত।
১৫. নির্বাচিত মনোগ্রামে (Logo) কোনো পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের প্রয়োজন হলে জমাদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান তা সম্পাদন করবেন।
১৬. মনোগ্রামের (Logo) ডিজাইনের সফট কপি ই-মেইল ঠিকানা registraroffice@hau.ac.bd এ প্রেরণ করতে হবে।
১৭. মনোগ্রাম (Logo) গ্রহণের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

মাননীয় উপাচার্যের নির্দেশক্রমে

Badrul
১৩/১১/২০২৫

মোঃ বদরুল আমিন
ডেপুটি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়